## ফিল্ড সার্ভিস ডেলিভারী প্রোগ্রাম(এফএসডিপি) ইউনিট ঃ

### পটভূমি ঃ

বাংলাদেশের দুর্বল আর্থসামাজিক অবস্থা এবং শিক্ষার কম অগ্রগতি সত্ত্বেও পরিবার পরিকল্পনা কর্মসূচীর সাফল্য উল্লেখযোগ্য। জনসংখ্যার কাঠামোগত বৈশিষ্ট্যের কারণে আগামী দিনগুলোতে বাংলাদেশের জনসংখ্যা উল্লেখ্যযোগ্যভাবে বৃদ্ধি পাবে এবং জনসংখ্যা বৃদ্ধি আমাদের দেশের দারিদ্রের অন্যতম নিয়ামক হিসেবে আগামী দিনগুলোতে প্রভাব বিস্তার করবে। সরকার এই বিষয়গুলোকে গুরুত্ব দিয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণসহ জনসংখ্যা নীতি ২০১২ প্রণয়ন করেছেন।

অদ্যাবধি পরিবার পরিকল্পনা কর্মসূচীর সবচেয়ে বড় সাফল্য হচ্ছে আধুনিক ও কার্যকরী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির সহজলভ্যতা নিশ্চিতকরণ। ২০১৬ সালের পূর্বে প্রতিস্থাপনযোগ্য জন উর্বরতা (এন আর আর =১) নিশ্চিত করা সরকারের মূল লক্ষ্য এবং এ লক্ষ্য অর্জনের জন্য বর্তমানের জন উর্বরতার হার ২.৩ (বিডিএইচএস- ২০১১) থেকে ২০১৬ সাল নাগাদ ২.০০ এ নামিয়ে আনার জন্য বিভিন্ন কর্মসূচী হাতে নেয়া হয়েছে, যার অন্যতম হল পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ৬১.২% (বিডিএইচএস- ২০১১) থেকে ২০১৬ সাল নাগাদ ৭২% এ উন্নীত করা। অন্যান্য পদক্ষেপগুলোর মধ্যে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির গ্রহীতা বাড়ানো, বাল্য বিবাহরোধ, দেরীতে প্রথম সন্তান গ্রহণে দম্পতিদের উদ্বুদ্ধ করা ইত্যাদি উল্লেখ্যযোগ্য।

### সূচনা ঃ

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ৭টি অপারেশনাল প্ল্যানের অন্যতম হল ফিল্ড সার্ভিসেস ডেলিভারী। এই অপারেশনাল প্ল্যানের আওতায় পরিবার পরিকল্পনার অস্থায়ী পদ্ধতির সহজ লভ্যতা নিশ্চিতকরণ, বাড়ি পরিদর্শণ ভিত্তিক পরিবার পরিকল্পনা কর্মসূচী শক্তিশালীকরণ, মাঠকর্মীদের দক্ষতা উন্নয়নে রিফ্রেসার ট্রেনিং-এর আয়োজন, নববিবাহিত দম্পতিদের অবহিতকরণ কর্মশালার আয়োজন, শহরের বস্তি এলাকার দম্পতি নিবন্ধিকরণসহ অন্যান্য সেবাদান কার্যক্রম পরিচালনা, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের পরিচালনা, মাঠ পর্যায়ে স্যাটেলাইট ক্লিনিক ও কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সেবাদান এবং দুর্গম এলাকায় সেচ্ছাসেবী নিয়োগের মাধ্যমে সেবাদান পরিচালনার বিস্তৃতি ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে যা সরকারের ডেমোগ্রাফিক লক্ষ্যমাত্রা ও সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরী ভূমিকা রাখছে। ২০১১-১৬ মেয়াদে এই অপারেশনাল প্ল্যানের মোট প্রাক্কলিত ব্যয় ১৬১৪১০.০০ লক্ষ টাকা।

### অপারেশনাল প্ল্যানের সাধারণ লক্ষ্য ঃ

জনউর্বরতা হ্রাসসহ মাতৃমৃত্যু, শিশুমৃত্যু, নবজাতকের মৃত্যু কমানোর লক্ষ্যে বাংলাদেশের জনগোষ্ঠীর মাঝে বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর জন্য প্রজনন স্বাস্থ্য সেবাসহ পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ।

### সুনির্দিষ্ট লক্ষ্য সমূহ ঃ

- মোট প্রজনন হার হ্রাস করা।
- জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারকারীর হার বৃদ্ধিকরণ।
- অস্থায়ী স্বল্পমেয়াদী পদ্ধতিসমূহের (খাবার বড়ি, কনডম, ইনজেকটেবলস) ব্যবহারকারীর ছেড়ে দেয়ার হার হ্রাস করা।
- অপূর্ণ চাহিদা সহনীয় পর্যায়ে নামিয়ে আনা ।
- কমিউনিটি ক্লিনিক এবং স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা প্রদান নিশ্চিত করণ।
- বাড়ি পরিদর্শন ভিত্তিক সেবাদান কার্যক্রমকে শক্তিশালী করা।
- বয়:সন্ধিকালীন স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করা।
- বাল্যবিবাহ রোধ, কিশোরী গর্ভধারণ এবং অনিরাপদ গর্ভপাত রোধ করা।
- পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহের অপূর্ণ চাহিদা পূরন করা।

### কার্যক্রমভিত্তিক অপারেশনাল প্ল্যানের বিভাজন ঃ

১. পরিবার পরিকল্পনা কর্মসূচীর মাঠ কার্যক্রম শক্তিশালীকরণ।
২. সরকারী অসরকারী সংস্থাসমূহের কার্যক্রমে সমন্বয় সাধন।
৩. জন্মনিয়ন্ত্রণ সামগ্রীসহ অন্যান্য সরবরাহ নিশ্চিতকরণ।
৪. নিয়মিত মাঠ কার্যক্রম মূল্যায়ণ ও পরিবীক্ষণ।
৫. সেবা প্রদানকারীদের দক্ষতা বৃদ্ধিকরণ।
৬. শহরের বস্তিসমূহে পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন।
৭. দূর্গম এলাকাসমূহে পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন।
৮. নববিবাহিত দম্পতিদের জন্য পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন।

### কার্যক্রমঃ

### বিভাজন-১ (পরিবার পরিকল্পনা কর্মসূচীর মাঠ কার্যক্রম শক্তিশালীকরণ) অনুযায়ী কার্যক্রম সমূহ ঃ

- অপূর্ণ চাহিদা ও পরিবার পরিকল্পনার দীর্ঘমেয়াদী পদ্ধতির চাহিদা পূরণের লক্ষ্যে সক্ষম দম্পতিদের মাঝে সেবা প্রদান।
- দেরীতে বিবাহ এবং দেরীতে সন্তান গ্রহণের জন্য কর্মশালা, এডভোকেসি সভাসহ বিভিন্ন উদ্বুদ্ধকরণ
- কার্যক্রম গ্রহণ।
- পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার হালনাগাদ করণ।
- মাঠকর্মীদের জন্য ব্যাগ, ছাতা, মুদ্রণ সামগ্রী সংগ্রহ ও বিতরণ।
- মাঠকর্মীদের বিশেষ পোশাক প্রদান।
- মাঠ কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের জন্য জীপ,মোটরসাইকেল এবং বাইসাইকেল ক্রয়।
- মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা কমিটি সমূহকে গতিশীলকরণ।

### বিভাজন-২ (সরকারী অসরকারী সংস্থাসমূহের কার্যক্রমে সমন্বয় সাধন)অনুযায়ী কার্যক্রম সমূহ ঃ

- মাঠ পর্যায়ে সমন্বিত ও কার্যকরী কর্মসূচী মূল্যায়ন ও পরিবীক্ষণ।
- সঠিক সময় অনুযায়ী প্রতিবেদন প্রদান নিশ্চিত করণ।
- প্রজনন স্বাস্থ্য ও মাতৃস্বাস্থ্য সেবা প্রদানকারী অসরকারী সংস্থাসমূহের কার্যক্রম নিয়মিত মূল্যায়ন ও পরিবীক্ষণ।

### বিভাজন-৩ (জন্মনিয়ন্ত্রণ সামগ্রীসহ অন্যান্য সরবরাহ নিশ্চিতকরণ) অনুযায়ী কার্যক্রম সমূহ ঃ

- বাৎসরিক অস্থায়ী জন্মনিয়ন্ত্রণ সামগ্রী (খাবার বড়ি, কনডম, ইনজেকটেবলস) এর চাহিদা নিরূপণ।
- অস্থায়ী জন্মনিয়ন্ত্রণ সামগ্রী সংগ্রহ।
- নিবিড় স্যাটেলাইট ক্লিনিক সংগঠন।
- রেফারাল ব্যবস্থা নিশ্চিতকরণ।
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের ব্যবস্থাপনা।
- অস্থায়ী জন্ম নিরোধক সামগ্রী মাঠ পর্যায়ে সরবরাহ সহজলভ্য করণ / নিশ্চিত করণ।

### বিভাজন-৪ (নিয়মিত মাঠ কার্যক্রম মূল্যায়ন ও পরিবীক্ষণ)অনুযায়ী কার্যক্রম সমূহ ঃ

- মাঠকার্যক্রম বাস্তবায়ন, যাচাই ও পরিবীক্ষণ।
- মাঠকার্যক্রম এর অগ্রগতি পর্যালোচনা।
- মাঠ পর্যায়ে কার্যক্রম পরিদর্শণ পূর্বক ফিডব্যাক ও নির্দেশনা প্রদান।
- মাঠপর্যায়ের পরিবার পরিকল্পনা কমিটি সমূহের নিয়মিত সভা অনুষ্ঠান নিশ্চিত করণ।
- অপারেশনাল প্ল্যানের মেয়াদের মধ্যভাগে ও শেষভাগে কার্যক্রম মূল্যায়ন।

**বিভাজন-৫ (সেবা প্রদানকারীদের দক্ষতা বৃদ্ধিকরণ) অনুযায়ী কার্যক্রম সমূহ ঃ**

- উপজেলা ও ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটির সদস্যদের সমন্বয়ে কর্মশালা আয়োজন।
- মাঠপর্যায়ে সেবাদান কর্মীদের জন্য রিফ্রেসার ট্রেনিং আয়োজনের মাধ্যমে কর্মদক্ষতার উন্নয়ন।

**বিভাজন-৬ (শহরের বস্তিসমূহে পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন)অনুযায়ী কার্যক্রম সমূহ ঃ**

- শহরের বস্তি এলাকায় সক্ষম দম্পতি নিবন্ধিকরণ।
- পরিবার পরিকল্পনা সেবা প্রদানের জন্য বাড়ী পরিদর্শণ ভিত্তিক সেবাদান কার্যক্রম পরিচালনা।
- পরিবার পরিকল্পনা সেবাদান কর্মসূচীর জন্য উদ্বুদ্ধকরণ ও পরামর্শদান পূর্বক কার্যক্রম পরিচালনা।
- সিটি কর্পোরেশন ও পৌরসভাগুলোতে পরিবার পরিকল্পনা সেবাকেন্দ্রসমূহের মধ্যে কার্যকরী রেফারাল ব্যবস্থা নিশ্চিতকরণ।
- শহর এলাকার পাইলটিং, কার্যক্রমের সম্ভাব্যতা যাচাই। উল্লেখ্য, ইতোমধ্যে সিলেট সিটি কর্পোরেশনে বেসরকারী সংস্থা সীমান্তিকের মাধ্যমে পাইলটিং কার্যক্রম শুরু হয়েছে।

**বিভাজন-৭ (দূর্গম এলাকাসমূহে পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন)অনুযায়ী কার্যক্রম সমূহ ঃ**

- দূর্গম এলাকাসমুহের মনিটরিং সুপারভিশন শক্তিশালী করার জন্য যানবাহন সংগ্রহ।
- কাজের ভিত্তিতে বেতন অনুযায়ী স্বেচ্ছাসেবী নিয়োগ।
- সরকারী বেসরকারী সংস্থার মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে সেবা দান কার্যক্রম পরিচালনা।
- সিলেট ও চট্টগ্রাম বিভাগের দূর্গম এলাকার জন্য বিশেষ কার্যক্রম গ্রহণ।

**বিভাজন-৮ (নববিবাহিত দম্পতিদের জন্য পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন)অনুযায়ী কার্যক্রম সমূহঃ**

- নববিবাহিত দম্পতিদের তালিকা হালনাগাদকরণ।
- বয়সন্ধিকালীন গর্ভধারণ হ্রাস এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ করার জন্য নববিবাহিত দম্পতিদের নিয়ে কর্মশালার আয়োজন।
- নববিবাহিত দম্পতিদের নিকট জন্মনিরোধক সামগ্রী সহজলভ্যতা নিশ্চিত করণ।

**সূচকসমূহঃ**

পরিবার পরিকল্পনা ফিল্ড সার্ভিসেস ডেলিভারী অপারেশনাল প্ল্যানের আওতায় জুন/২০১৪ সালের মধ্যে অর্জন সমূহ নিম্নরূপঃ-

| ক্রমিক নং | রিভাইজড ওপি লেভেল সূচক (আউটপুট/প্রসেস) | পরিমাপের একক | বেইস লাইন (২০১১) | লক্ষ্যমাত্রা (জুন/২০১৪) | জুন/২০১৪ পর্যন্ত অর্জন | লক্ষ্যমাত্রা (২০১৬) | উৎস |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | জাতীয় পর্যায়ে সক্ষম দম্পতিদের মধ্যে ইনজেকটেবল গ্রহিতার হার | % | ১৫.৪% | ১৬% | ১৬% | ১৭% | (এফপি-এমআইএস) |
| ২। | জাতীয় পর্যায়ে সক্ষম দম্পতিদের মধ্যে খাবার বড়ি ও কনডম গ্রহিতার হার | % | ৪৬.৭% | ৪৭% | ৪৫.৪৮% | ৪৮% | (এফপি-এমআইএস) |
| ৩। | সংগঠিত স্যাটেলাইট ক্লিনিকের সংখ্যা | সংখ্যা | ২৮৫০০০ | ৩৬০০০০/বছর | ৩২৮০০০/বছর | ৩৬০০০০/বছর | প্রশাসনিক তথ্য |
| ৪। | মাঠ পর্যায়ে সেবাপ্রদানকারীদের রিফ্রেসার ট্রেনিং আয়োজিত উপজেলার সংখ্যা | সংখ্যা | ৮২ | ২৬৬ | ২৬৬ | ৪৮৮ | প্রশাসনিক তথ্য |

## বাজেট (এইচপিএনএসডিপি) ২০১১-২০১৬
### (অরিজিনাল ওপি বাজেট)

লক্ষ টাকায়

| অর্থ বছর | জিওবি(উন্নয়ন) | আরপিএ | ডিপিএ | মোট |
|---|---|---|---|---|
| ২০১১-১২ | ৫৩৪৫.৯২ | ১৬৬৭০.০০ | ৪২২৭.০৮ | ২৬২৪৩.০০ |
| ২০১২-১৩ | ৬৩২০.৯২ | ১৪৭৯১০.০৮ | ৭১০০.০০ | ২৮২১২.০০ |
| ২০১৩-১৪ | ৮৩৭৯.৪২ | ১৪৯০৪.০০ | ৭৫৬৪.৫৮ | ৩০৮৪৮.০০ |
| ২০১৪-১৬ | ১৪৩৫২.৭৪ | ৪২৪৭০.৯২ | ১৯২৮৩.৩৪ | ৭৬১০৭.০০ |
| সর্বমোট= | ৩৪৩৯৯.০০ | ৮৮৮৩৬.০০ | ৩৮১৭৫.০০ | ১৬১৪১০.০০ |

## বাজেট অর্থ বছর ঃ ২০১৩-২০১৪

| অর্থের উৎস | বাজেট বরাদ্দ | অর্থ ছাড় | খরচ (জুন/২০১৪) | অর্জন জুন/১৪ (%) |
|---|---|---|---|---|
| জিওবি (উন্নয়ন) | ২৫০৪.০০ | ২৫০৪.০০ | ২৪৪৫.০৫ | ৯৭.৬৪% |
| আরপিএ (জিওবি'র মাধ্যমে) | ২৩৭৬০.০০ | ২২৮০৮.৪৩ | ২০৮৬৫.৪৫ | ৯১.৪৮% |
| ডিপিএ | ১০০০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০% |
| মোট | ২৭২৬৪.০০ | ২৫৩১২.৪৩ | ২৩৩১০.৫০ | ৯২.০৯% |

## বাজেট অর্থ বছর ঃ ২০১৪-২০১৫

| অর্থের উৎস | বাজেট বরাদ্দ | অর্থ ছাড় | খরচ (জুন/২০১৪) |
|---|---|---|---|
| জিওবি (উন্নয়ন) | ২৮০০.০০ | ৮৪৬.০০ | ৩৯৭.০০ |
| আরপিএ (জিওবি'র মাধ্যমে) | ২০৫০০.০০ | ০.০০ | ০.০০ |
| ডিপিএ | ২৫০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট= | ২৩৫৫০.০০ | ৮৪৬.০০ | ৩৯৭.০০ |

## ক্রয় প্রক্রিয়ার অবস্থা- অর্থ বছরঃ ২০১৩-২০১৪

| আইটেম | অর্থের উৎস | ইউনিট | পরিমাণ | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|
| ব্যাগ | জিওবি (উন্নয়ন) | পিস | ১২০০০ | ৪৮.৮৪ | ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। |
| এপ্রোন | | পিস | ১৫০০০ | ৫৫.০৫ | |
| রেজিস্টার | | পিস | ৫০০০ | ৫৩.৯৫ | |
| ইনজেকটেবল ক্লাইন্ট কার্ড | | পিস | ৫০০০০০ | | |
| পকেট ডাইরী | | পিস | ৩০০০০ | | |

## ক্রয় প্রক্রিয়ার অবস্থা-অর্থ বছর ঃ ২০১৩-২০১৪ (উপকরণ ও সরবরাহ ইউনিটের মাধ্যমে)

| আইটেম | অর্থের উৎস | ইউনিট | পরিমান | প্রকৃত টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|
| খাবর বড়ি | আরপিএ (জিওবি'র মাধ্যমে) | সাইকেল | ১৫০ মি. | ১২৬৩৯.৫৪ (ক্যারিড ওভার ২০১২-১৩) | ক্রয় প্রক্রিয়া সম্পন্ন |
| খাবার বড়ি | | | ২৯ মি. | ২৬৬২.৯৭ | |
| ইনজেকটেবল | | ভায়াল | ১২ মি. | ৪৮৪৪.১৪ | |
| এডি সিরিঞ্জ | | পিস | ১২ মি. | ৭১৮.৮০ | |
| জীপ | জিওবি (উন্নয়ন) | পিস | ৯পিস | ৬২৩.৩৪ | |
| বাই সাইকেল | | | ৬০০ পিস | ৪৬.০৫ | |
| মটর সাইকেল | | | ৬০ পিস | ৭৮.৩০ | |

## প্রস্তাবিত ক্রয় পরিকল্পনা - অর্থ বছর ঃ ২০১৪-২০১৫ (উপকরণ ও সরবরাহ ইউনিটের মাধ্যমে)

| আইটেম | অর্থের উৎস | ইউনিট | পরিমাণ | প্রাক্কলিত টাকার পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| খাবার বড়ি | আরপিএ (জিওবি'র মাধ্যমে) | সাইকেল | ২১ মি. | ১৯৪২.৫০ (ক্যারিড ওভার ২০১৩-২০১৪) |
| খাবার বড়ি | | | ৭৯ মি | ৮২০০.০০ |
| ইনজেকটেবল | | ভায়াল | ১৪ মি | ৫৬৫৬.৫৮ |
| এডি সিরিঞ্জ | | পিস | ১৫ মি | ১০৫০.০০ |
| জীপ | জিওবি (উন্নয়ন) | পিস | ১০ | ৬৯২.৬০ |
| মটর সাইকেল | | পিস | ১০০ | ১৩৫.০০ |
| প্রভিডিন আয়োডিন | | বোতল | ৪০ হাজার | ৪০.০০ |
| কটন | | রোল | ৪০ হাজার | ৪০.০০ |

## প্রস্তাবিত ক্রয় পরিকল্পনা- অর্থ বছরঃ ২০১৪-২০১৫

| আইটেম | অর্থের উৎস | ইউনিট | পরিমাণ | প্রাক্কলিত টাকার পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ছাতা | জিওবি (উন্নয়ন) | পিস | ১৫০০০ | ২০.০০ |
| ইউনিফর্ম | | | ১৫০০০ | ৬০.০০ |
| রেজিস্টার | | | ১৫০০০ | ৬১.০০ |
| ইনজেকটেবল ক্লায়েন্ট কার্ড | | | ৫০০০০০ | |
| ব্যাগ | | | ১২০০০ | ৬১.০০ |